# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পঞ্চগড়-৫০০০
টেলি: +৮৮-০২৫৮-৯৯৪১৫৯৩ (অফিস)

Office of the Executive Engineer
Panchagarh Water Development Division
BWDB, Panchagarh-5000
Phone: +88-0258-9941593 (Office)
E-mail: xenbwdb.panchagarh@yahoo.com

স্মারক নং- ই-১(১২তম খন্ড)/৮৪০

তারিখঃ ১৫/০৭/২০২৪খ্রি.

**"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) এর আওতায় কার্যক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড় দপ্তরের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) অনধিক ০৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন কার্য ক্রয় এবং ২৫(পচিঁশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবারহকারী তালিকাভুক্তি / নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবোর ঢাকার স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪ তারিখ- ২০/০৭/২০২০খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী প্রতি সেট নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের হিসাব শাখা হতে সংগ্রহ করা যাবে এবং আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৪/০৮/২০২৪ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের হিসাব শাখায় জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়নের আবেদনের তফসিলঃ

| ক্রঃ নং | আবেদনের ধরণ | আবেদনপত্র গ্রহন ও দাখিলের সময়সীমা |
|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য) | ১৬/০৭/২০২৪খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে ১৪/০৮/২০২৪খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত) |
| ২। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (পণ্য সরবরাহ) | |

তালিকাভুক্তির (কার্য-ক্রয় ও পণ্য) প্রয়োজনীয় নির্দেশাবলীঃ

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ০২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ০৩। ২৫ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ/বিবরণী ০৪। জাতীয় পরিচয়পত্র ০৫। পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি ০৬। প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা ০৭। জনবলের তালিকা ০৮। ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- (তিনশত) টাকার স্টাম্পে অঙ্গীকারনামা ০৯। ঠিকাদার/প্রতিষ্ঠানের এ্যাফিডেভিট এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| আবেদন ফি | আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরত যোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও এর অনুকূলে। |
| তালিকাভুক্তি নিবন্ধন ফি (প্রাথমিক মূল্যায়নের উত্তীর্ণের পরে) | নিবন্ধন ফি ৫০০০/- (পাঁচ হাজার) ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার অফেরৎযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও এর অনুকূলে। |

ঠিকাদার তালিকাভুক্তি (কার্য-ক্রয়) নবায়নের তফসিলঃ

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১। নির্ধারিত আবেদনপত্র ০২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ০৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| নবায়ন ফি | নবায়ন ফি ২০০০/- (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/- (তিনশত) টাকার অফেরৎযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও এর অনুকূলে। |

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহন বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন e-GP Registration থাকা আবশ্যক।

স্বাক্ষরিত/-

(আশুতোষ বর্মন)
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ)
পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পঞ্চগড়।

স্মারক নং- ই-১(১২তম খন্ড)/৮৪০(১১) তারিখঃ ১৫/০৭/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় পত্রিকায় এবং পঞ্চগড় জেলায় প্রকাশিত একটি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। জেলা প্রশাসক, পঞ্চগড়। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

৬।সিনিয়র সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, বাপাউবো, ঢাকা।(বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।

৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/ গণপূর্ত বিভাগ/ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর / জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর / শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড়।

৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, পঞ্চগড় পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২/৩, বাপাউবো, পঞ্চগড়।

৯। সহকারী পরিচালক(অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও।

১০। উর্দ্ধতন হিসাব সহকারী, পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পঞ্চগড়। আপনাকে ঠিকাদার তালিকাভূক্তি করণ ফরম আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট যথানিয়মে বিতরণ এবং আবেদন পত্রসমুহ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

১১। হিসাব শাখা, অত্র দপ্তর।

১৫/০৭/২০২৪

নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ)
পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পঞ্চগড়।